

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সার ব্যবস্থাপনা ও মনিটরিং
www.moa.gov.bd

স্মারক নম্বর: ১২.০০.০০০০.০৩১.৪০.০০১.২৫-১৯


তারিখ: ১ চৈত্র, ১৪৩২
১৫ মার্চ, ২০২৬

**বিষয়ঃ সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা - ২০২৫ বাস্তবায়ন সংক্রান্ত পরিপত্রের
অনুচ্ছেদে ২ (ঙ) কার্যক্রমের সময় বৃদ্ধিকরণ**

সূত্র: স্মারক নম্বর: ১২.০০.০০০০.০৩১.৪০.০০১.২৫-৮২; তারিখ: ১৩ নভেম্বর, ২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সারাদেশে বর্তমানে বোরো মৌসুম চলমান রয়েছে। বিচ্ছিন্নভাবে কিছু কিছু জেলায় বিলম্বিতভাবে ফসল আবাদের ধারাও পরিলক্ষিত হচ্ছে। ফলে এ সময়ে কৃষকের দোরগোড়ায় সার সঠিকভাবে ও সঠিক সময়ে বিতরণের কার্যক্রম ধারাবাহিকভাবে অব্যাহত রাখা জরুরি। ফলে জারিকৃত পরিপত্র অনুযায়ী সার বিতরণ ব্যবস্থাপনায় সাব ডিলার বা খুচরা বিক্রেতার সার ক্রয়-বিক্রয় কার্যক্রমের মেয়াদ বৃদ্ধি করা প্রয়োজন।

০২। বর্ণিতাবস্থায়, বিগত ১৩ নভেম্বর, ২০২৫ তারিখে জারিকৃত পরিপত্রের ২ এর (ঙ) নং অনুচ্ছেদে উল্লিখিত সাব ডিলার বা খুচরা বিক্রেতাদের সার বিক্রয় কার্যক্রম ৩১ মার্চ, ২০২৬ তারিখের পরিবর্তে আগামী ৩০ এপ্রিল ২০২৬ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো। অর্থাৎ ৩০ এপ্রিল, ২০২৬ তারিখ পর্যন্ত সাব ডিলার বা খুচরা সার বিক্রেতাগণ পূর্বের নিয়মে সার ক্রয়-বিক্রয় করতে পারবেন।


২৫/০৬/২০২৬

(শাহনাজ আক্তার)
কৃষি অর্থনীতিবিদ
ফোন: ৫৫১০১৩০৪

E-mail: shahnaz_moa@yahoo.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সভাপতি (জেলা প্রশাসক), জেলা সার ও বীজ মনিটরিং কমিটি----- (সকল); এবং
- ২) সদস্য সচিব (উপপরিচালক, কৃষি সম্প্রসারণ), জেলা সার ও বীজ মনিটরিং কমিটি----- (সকল)।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) (জ্ঞাতার্থে ও কার্যার্থে):

- ১) সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল, ঢাকা;
- ২) চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, দিলকুশা বা/এ, ঢাকা;
- ৩) চেয়ারম্যান, বিসিআইসি, দিলকুশা বা/এ, ঢাকা;
- ৪) মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা;
- ৫) প্রশাসক, বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশন, আলরাজী কমপ্লেক্স (৬ষ্ঠ তলা), ১৬৬-১৬৭ পুরানা পল্টন, ঢাকা;
- ৬) সচিবের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৭) অতিরিক্ত সচিব (সার ব্যবস্থাপনা ও উপকরণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা; এবং
- ৮) যুগ্মসচিব (সার ব্যবস্থাপনা ও মনিটরিং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।